

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি মানবতার সেবায় শিক্ষার্থীদের এগিয়ে আসার আহ্বান



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোটারেট্ট ক্লাবের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করা হয়। গতকাল সকালে কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এ সময় তাঁর সাথে ছিলেন ইস্ট ওয়েস্ট

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান।

এ সময় তাঁরা শিক্ষার্থীদের স্বেচ্ছায় নেয়া এ মহৎ উদ্যোগের প্রশংসা করেন। তাঁরা বলেন, অপরের জন্য নিঃস্বার্থভাবে নিজের রক্ত বিলিয়ে দেয়ার চেয়ে বড় আত্মত্যাগ আর হয় না। আর এ ধরনের কাজের মাধ্যমে শিক্ষার্থীদের মানবীয়গুণাবলির বিকাশ যেমন হবে, তেমনি ভবিষ্যতে কর্মজীবনে দেশপ্রেম ও মানবতার সেবায় উদ্যোগী হতেও সহায়তা করবে। এ ছাড়া অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রোটারেট্ট ক্লাবের সঞ্চালক চৌধুরী ওমর শরিফ এবং মিজানুর রশীদ রূপক ছাড়াও রোটারেট্ট ক্লাবের সদস্যরা উদ্বোধনী পর্বে অংশ নেন।

বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশনের কারিগরি সহায়তায় দিনব্যাপী পরিচালিত এই রক্তদান কর্মসূচিতে প্রায় একশর মত শিক্ষার্থী স্বেচ্ছায় রক্তদান করেন।